



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)



খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসাবে
অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত অবহিতকরণ সভার কার্যবিবরণী (প্রথম সভা)

সভাপতি	মোঃ নুরুন্নবী মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
সভার তারিখ	২০ সেপ্টেম্বর ২০২১
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	বিএমডির সভা কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলাফেরা করার জন্য অনুরোধ জানান। সভায় ইজারাপ্রত্যাশী ব্যক্তিবর্গ এবং বিএমডির সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সভাপতি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে নিম্নবর্ণিত ০৫ টি জবাবদিহিমূলক উপকরণ নির্ধারণ করা হয়েছে যথা: এপিএ, জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস), সেবা প্রদান প্রতিশ্রুতি এবং তথ্য অধিকার (আরটিআই)। বিএমডি যেহেতু নাগরিক সেবা প্রদান করে সেহেতু উল্লেখিত বিষয়সমূহ সম্পর্কে সেবা প্রত্যাশীদের ধারণা প্রদান করতে হবে।

২.০ আলোচনা

সভাপতির অনুমতিক্রমে জিআরএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে বিএমডির সার্বিক কার্যক্রম সংক্রান্ত বিষয়ে যে কোন অভিযোগ দায়েরের নিমিত্ত ফোকাল পয়েন্ট, অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক), বিকল্প অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়েছে। সেবা প্রাপ্তিকে কোন অভিযোগ থাকলে তারা ম্যানুয়ালি অথবা অনলাইন যে কোন পদ্ধতিতেই আবেদন করতে পারেন। সিটিজেন চার্টারের উল্লেখিত সেবাসমূহ অনলাইন জিআএস সিস্টেমে (www.grs.gov.bd) অন্তর্ভুক্ত করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের টেম্পলেট অনুযায়ী বিএমডির সিটিজেন চার্টার হালনাগাদ করে ইতোমধ্যে সেবাসমূহ অনলাইন জিআরএস সিস্টেমে (www.grs.gov.bd) অন্তর্ভুক্ত করা হয়েছে। জিআরএস সফটওয়্যারের মাধ্যমে কিভাবে অভিযোগ দায়ের কার যায় তা বিস্তারিতভাবে ইজারাপ্রত্যাশীদের দেখানো হয়।

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নুরুন্নবী

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)


স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.২৭.০০৪.১২(অংশ-২).৩৬৫

তারিখ: ১২ আশ্বিন ১৪২৮

২৭ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি : অবগতি/অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ১) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
- ২) পরিচালক, পরিচালক-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৩) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৪) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৫) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৬) সহকারী পরিচালক (ভূ-রসায়ন), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৭) ইজারাপ্রত্যাশী (সকল) জনাব.....;
- ৮) পি.এ টু মহাপরিচালক, বিএমডি, ঢাকা;
- ৯) অফিস কপি।



মোসাঃ মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)